

স্মারক নং: ০৫.৪১.৯৩৯৫.০০০.০১.০০১.২০২৩.৯৪

তারিখ: ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪


নিয়োগ বিজ্ঞপ্তি

টাঙ্গাইল সদর, টাঙ্গাইল উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে মহল্লাদারের শূন্য পদে সরকারি অংশের-৩,২৫০/- টাকা এবং ইউনিয়ন পরিষদ অংশের-৩,২৫০/- টাকাসহ মোট-৬,৫০০/- টাকা মাসিক বেতনে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্ব স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১১-০২-২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল বরাবর সরাসরি অথবা ডাকযোগে আবেদন পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	শূন্য পদের ওয়ার্ড নম্বর	শূন্য পদের নাম	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	মগড়া	৮,৪	মহল্লাদার	০২ জন	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	মহল্লাদার শূন্য পদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ।
২	গালা	৩,৮,৯	মহল্লাদার	০৩ জন		
৩	করটিয়া	৫,৭,৮	মহল্লাদার	০২ জন		
৪	ছিলিমপুর	১,৪,৫,৭	মহল্লাদার	০৪ জন		
৫	দ্যাইন্যা	৮	মহল্লাদার	০১ জন		
	পোড়াবাড়ী	২,৪,৫,৬	মহল্লাদার	০৩ জন		
৬	বাঘিল	২	মহল্লাদার	০১ জন		
৭	হুগড়া	১,৭	মহল্লাদার	০২ জন		
৯	কাতুলী	৪	মহল্লাদার	০১ জন		
১০	মাহমুদনগর	৪	মহল্লাদার	০১ জন		

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর উপজেলার অন্তর্গত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২৫-০১-২০২৪ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে (মুক্তিযোদ্ধাদের/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা কোর্টায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রত্যয়নপত্র থাকতে হবে।
- প্রার্থীর শারীরিক যোগ্যতা: ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- (অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে- (অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (আ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- যে কোন তফসিলী বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর বরাবর ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর উল্লেখপূর্বক, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি সত্যায়িত এবং পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি সত্যায়িতসহ সংযুক্ত করতে হবে।
- সরকার কর্তৃক সর্বশেষ স্বীকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে এবং জারীকৃত প্রজ্ঞাপন/নীতিমালা অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ গ্রাম-পুলিশ নিয়োগবিধি/প্রজ্ঞাপন অনুযায়ী যেকোন সময় যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করবেন।
- প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। তজ্জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।


২৩/০১/২০২৪
হাসান-বিন-মুহাম্মাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

ইউনিয়ন পরিষদে দফাদার পদে পদোন্নতির মাধ্যমে ও

অনুলিপি অবগতি/অবগতি ও কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ০৪। অফিসার ইন-চার্জ, টাঙ্গাইল সদর মডেল থানা, টাঙ্গাইল।
- ০৫। প্রোগ্রামার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। তাকে ওয়েবসাইটে প্রকাশ করার জন্য।
- ০৬। চেয়ারম্যানইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নোটিশ বোর্ড।
- ০৮। অফিস কপি।